



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৯৭

তারিখঃ ১৪ নভেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

মানবাধিকার নিয়ে প্রতারণা করা সংস্থাসমূহের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে হবে- ড. কামাল উদ্দিন

“মানবাধিকার একটি বিস্তৃত ধারণা। মানবাধিকার সুরক্ষায় বিভিন্ন সংস্থা বেশ কার্যকর কাজ করে যাচ্ছে। অন্যদিকে, মানবাধিকারের নামে জনগণের কাছ থেকে চাঁদা আদায় করা, প্রতারণা করা সংস্থার বিরুদ্ধে আমাদের কাছে অভিযোগের পরিমাণও বেড়েছে। তাই, জনস্বার্থে এসকল প্রতারণা প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনগত প্রক্রিয়া গ্রহণ করতে হবে।” আজ বিকাল ৩.০০ টায় জাতীয় মানবাধিকার কমিশনের সম্মেলন কক্ষে বিভিন্ন নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষের প্রধানদের সাথে এক আলোচনা সভায় এসব কথা বলেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন। তিনি যেসকল সংস্থা মানবাধিকারের নামে ব্যবসা করছে, টাকার বিনিময়ে সদস্যপদ, পরিচয় পত্র প্রদান করছে এবং দেশের ভাবমূর্তি বিনষ্ট করছে তাদের নিবন্ধন বাতিল করার ব্যাপারে বলেন।

সভায় বক্তব্য রাখেন কমিশনের সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা, জাতীয় মানবাধিকার কমিশনের সচিব (ভারপ্রাপ্ত) মোঃ আশরাফুল আলম, উপপরিচালক এম রবিউল ইসলাম, মোঃমোস্তুফা কামাল মজুমদার, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), যুব উন্নয়ন অধিদপ্তর, তপন কুমার বিশ্বাস, পরিচালক (অতিরিক্ত সচিব), এনজিও বিষয়ক ব্যুরো সহ আরও অনেকে।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।